নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতি বছর জুলাই মাসে অনলাইন অ্যাডমিশনের আয়োজন করে থাকে। এর মাধ্যমে আবেদনকারী শিক্ষার্থী তাঁর যোগ্যতা অনুযায়ী স্নাতক স্তরে কলা, বিজ্ঞান ও বাণিজ্য শাখার মোট পনেরটি বিষয়ের মধ্যে যে-কোনো একটি বিষয় নির্বাচন করতে পারে। ন্যূনতম যোগ্যতা থাকলে ইচ্ছুক শিক্ষার্থী সরাসরি অনলাইনে আবেদন করতে পারেন।

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ভর্তি প্রক্রিয়ার প্রারম্ভে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা বহুল প্রচারিত সংবাদপত্র, সংশ্লিষ্ট পাঠকেন্দ্র (স্টাডি সেন্টার) এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (www.wbnsou.ac.in)-এ প্রকাশ করে থাকে।

ভর্তি সংক্রান্ত নির্দেশিকাটি বিশদে জানার জন্য আবেদনকারীদের বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটটি দেখতে বলা হচ্ছে।

9.1 সাধারণ পরামর্শ

অসম্পূর্ণ ও নির্ধারিত সময়-অতিক্রান্ত অ্যাপ্লিকেশন : অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে-করা আবেদনপত্র/ রিনিউয়াল/পরীক্ষা ফর্ম ও ভুল তথ্য অথবা ফর্ম বা প্রামাণ্য তথ্যের বিকৃতি ধরা পড়লে আবেদনকারীকে না জানিয়েই তাঁর ফর্ম বাতিল করা হবে। সেই কারণে, শিক্ষার্থীদের অত্যন্ত সাবধানতার সঙ্গে ফর্ম পূরণ করতে হবে ও ফর্মের সঙ্গে সমস্ত প্রয়োজনীয় শংসাপত্রের স্ব-স্বাক্ষরিত প্রত্যয়িত কপি সময়ের মধ্যে জমা দিতে হবে।

যুগপৎ রেজিস্ট্রেশন : একজন শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয়ের একটি বি.ডি.পি প্রোগ্রামেই ভর্তি হতে পারবেন। এই নিয়ম লঙ্ঘিত হলে এই শিক্ষার্থীর প্রার্থীপদ (candidature) বাতিল বলে গণ্য হবে এবং কোনও ভর্তি-ফি ফেরত দেওয়া হবে না। তবে একজন বি. ডি. পি. শিক্ষার্থী একই সঙ্গে এই বিশ্ববিদ্যালয় অনুমোদিত যে কোনো একটি ডিপ্লোমা/সার্টিফিকেট/ট্রেনিং প্রোগ্রামে ভর্তি হতে পারেন। কিন্তু, সেক্ষেত্রে ওই দুইয়ের কাউন্সেলিং এবং/অথবা পরীক্ষাসূচি এক হলে, বিশ্ববিদ্যালয়ের পক্ষে তা কোনোভাবেই পরির্তন করা সম্ভব নয়।

পাঠকেন্দ্র (স্টাডি সেন্টার) পরিবর্তন : ভর্তি হওয়ার পর পাঠকেন্দ্র পরিবর্তন করতে চাইলে সেই বিষয়ক একটি আবেদনপত্রের সঙ্গে একটি ৫০০ টাকার ডিমান্ড ড্রাফ্ট (নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনুকূলে কলকাতায় প্রদেয়) কাটতে হবে। এই ধরনের আবেদনপত্রের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্রের ভিত্তিতে বিশেষ পরিস্থিতিই একমাত্র বিবেচ্য যেমন, কর্মস্থলের পরিবর্তন, বিয়ের কারণে, পারিবারিক বাসস্থান বদল ইত্যাদি।

বিষয় পরিবর্তন : স্নাতক স্তরে (বিডিপি) ভর্তি হওয়ার পর কোনো পরিস্থিতিতেই বিষয়ের পরিবর্তন সম্ভব নয়। সেই কারণে, ভর্তির আগে বিষয়/কোর্স নির্বাচনের সময় শিক্ষার্থীকে অত্যন্ত সাবধানতা অবলম্বন করতে হবে।

প্রার্থিতা/ ডিগ্রি বাতিলীকরণ : পঞ্জীভূতকরণের পূর্বে অথবা পরে আবেদনকারীর/ শিক্ষার্থীর দ্বারা সরবরাহকৃত তথ্যে কোনোরকম ভুল বা বিকৃতি ধরা পড়লে আবেদনকারীকে/শিক্ষার্থীকে না জানিয়ে তাঁর শিক্ষার্থী হিসেবে যোগ্যতা বাতিল করা হবে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, বিশ্ববিদ্যালয় কর্তৃক ডিগ্রি প্রদানের পরবর্তীকালেও শিক্ষার্থীর দেওয়া তথ্যে ভুল বা বিকৃতি ধরা পড়লে, তৎক্ষণাৎ তাঁর ডিগ্রি বাতিল করা হবে।

বি.দ্র. : কোর্স ফি, অ্যাডমিশন ফি, স্টুডেন্টশিপ ফি, পরীক্ষা ফি একবার দেওয়া হয়ে গেলে তা ফেরতযোগ্য নয় (এ ব্যাপারে আরও জানতে বিশ্ববিদ্যালয়ের অ্যাডমিশন ওয়েবসাইট দেখুন)।

10. পুনর্নির্ধারণ (রিনিউয়াল)-এর নিয়মাবলী

ভর্তির বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি নির্দিষ্ট সময়ে জমা দিয়ে শিক্ষার্থীকে রিনিউয়াল করাতে হবে। অন্যথায় তাঁর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। প্রতি বছর তিন-চার মাসের জন্য বিশ্ববিদ্যালয় রিনিউয়াল পোর্টাল খুলে রাখে (www.wbnsou.ac.in) যাতে বি.ডি.পি. শিক্ষার্থীরা তাঁদের রিনিউয়াল করতে পারেন।

বি.দ্র.

- শিক্ষাবর্ষান্ত বা টার্ম-এন্ড পরীক্ষায় বসার জন্য কোর্স ফি, স্টুডেন্টশিপ ফি এবং পরীক্ষার ফি যথাসময়ে জমা দেওয়া বাধ্যতামূলক।
- ভবিষ্যৎ সহায়তার জন্য সমস্ত ধরনের ফি জমা দেওয়ার রসিদ যত্ন সহকারে রাখার জন্য অনুরোধ করা হচ্ছে।

11. পাঠ-উপকরণ (স্টাডি মেটেরিয়াল)

ইংরাজি ও শিক্ষাবিজ্ঞান ব্যতীত সমস্ত বিষয়ে বাংলায় লেখা স্ব-নির্দেশিত পাঠ-উপকরণ বিশ্ববিদ্যালয় সরবরাহ করবে। শিক্ষার্থীরা তাঁদের সুবিধেমত সময়ে সেগুলি পড়বেন এবং বোঝার চেষ্টা করবেন। শিক্ষার্থীদের নির্দিষ্ট পাঠকেন্দ্র (Study Centre) থেকে সেগুলি সংগ্রহ করতে হবে। কিছু কিছু বিষয়ের পাঠ-উপকরণের সফট কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.wbnsou.ac.in) দেওয়া আছে। শিক্ষার্থীরা তা ডাউনলোড করতে পারবেন।

12. নির্দেশনা পদ্ধতি (Methods of Instruction)

শিক্ষার্থীরা যাতে প্রতিটি কোর্সের পাঠ বিষয়সমূহ সহজে আয়ত্ত করতে পারেন তার জন্য বিশ্ববিদ্যালয় সম্ভাব্য সবধরনের সহায়তা প্রদান করে। যেমন, মুদ্রিত পাঠ-উপকরণ (SIM), পার্সোনাল কন্ট্যাক্ট প্রোগ্রাম (PCP) যেখানে অ্যাকাডেমিক কাউন্সেলররা ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে মুখোমুখি আলোচনা করেন। পরিশেষে, শ্রাব্য-দৃশ্য কর্মসূচি, দূরভাবে মতের আদান-প্রদান এবং সময়ে সময়ে ওয়েবকাস্ট ও F.M.-এর মাধ্যমে শিক্ষাপ্রদান করা হয়।

পার্সোনাল কন্ট্যাক্ট প্রোগ্রাম (PCP)

সপ্তাহান্তে বা ছুটির দিনে প্রতিটি পাঠকেন্দ্র পি.সি.পি. আয়োজন করে এবং শিক্ষার্থীদের সেই সূচি অবহিত করে। এই প্রোগ্রামে যোগদান করার পূর্বে শিক্ষার্থীদের প্রাপ্ত পাঠ-উপকরণ (SIM/SLM) বিশদ পড়তে হবে। যাতে এটি প্রকৃত উপকারে লাগে। প্রতি ১০০ নম্বর পত্রের (থিওরেটিক্যাল) জন্য সর্বোচ্চ ২ ঘণ্টার ১২টি পি.সি.পি. প্রদান করা হয়। এখানে কাউন্সেলররা ছাত্রদের সহায়তা দান করেন। বেশির ভাগ প্রোগ্রামের পি.সি.পি.-তে শিক্ষার্থীর উপস্থিতি বাধ্যতামূলক নয়; যদি না আলাদা করে বিশেষিত/নির্দেশিত হয়।

প্রায়োগিক পর্যায় (Practical Session)

ইলেক্ট্রিক ও সাবসিডিয়ারি বিজ্ঞান শাখার প্রায়োগিক (Practical) ক্লাস বা ল্যাবরেটরি কাউন্সেলিং-কাম-

ইন্ডালুয়েশন সেশন (LCES) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক আয়োজন করা হয়। প্র্যাকটিক্যাল পরীক্ষার কেন্দ্র কোথায় কোথায় হবে তাও বিশ্ববিদ্যালয় নির্দিষ্ট করে। বিজ্ঞান-শাখার প্রতিটি ইলেক্টিভ বিষয়ের জন্য বছর প্রতি একটি করে তিন বছরে মোট তিনটি প্র্যাকটিক্যাল কোর্স আছে (EMT-র ক্ষেত্রে প্র্যাকটিক্যাল বিষয়টি EMT-১৬ যেটি তৃতীয় বর্ষে আছে)। সাধারণ প্র্যাকটিক্যাল ক্লাসগুলি পুজোর ছুটিতে আয়োজিত হয়। সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত মোট ১২ দিন প্র্যাকটিক্যাল হয়। প্রতিটি শিক্ষার্থীর এই প্রোগ্রামে উপস্থিতি বাধ্যতামূলক। সাবসিডিয়ারি বিষয়ের প্র্যাকটিক্যাল কয়েকটি নির্বাচিত কেন্দ্রে ১০ দিন ধরে অনুষ্ঠিত হয় পঞ্চম অথবা সষ্ঠ সেমেস্টারে। নির্দিষ্ট সূচি ও কেন্দ্রের নাম সম্বলিত নির্দেশনামা নির্দিষ্ট পাঠকেন্দ্রে পাঠানো হয় এবং এই নির্দেশনামা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেও প্রকাশিত হয় (www.wbnsou.ac.in).

13. শিক্ষাপ্রদানের ভাষা-মাধ্যম (Language of Instruction)

রাজ্যের শিক্ষার্থীদের কথা বিবেচনা করে বিশ্ববিদ্যালয় সমস্ত বিডিপি কোর্সের পঠন-পাঠন বাংলা মাধ্যমে পরিচালনা করে। তবে কোনো শিক্ষার্থী হোম অ্যাসাইনমেন্ট ও টার্ম-এন্ড পরীক্ষায় ইংরেজি ভাষা ব্যবহার করতে পারেন। সেক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষার মিশ্রণ গৃহীত হবে না। তাঁকে যে-কোনো একটি ভাষা ব্যবহার করতে হবে।

14. মূল্যায়ন পদ্ধতি : 'মানক' পদ্ধতি (পছন্দ ভিত্তিক)

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্নাতক স্তরে (বিডিপি) সর্বমোট ১৫টি ঐচ্ছিক বিষয়ে [বাংলা (ইবিজি), ইংরাজি (ইইজি), ইতিহাস (ইএইচআই), অর্থনীতি (ইইসি), রাষ্ট্রবিজ্ঞান (ইপিএস), জনপ্রশাসন (ইপিএ), সমাজতত্ত্ব (ইএসও), শিক্ষাবিজ্ঞান (ইইডি), পদার্থবিদ্যা (ইপিএইচ), রসায়ন (ইসিএইচ), গণিত (ইএমটি), উদ্ভিদবিদ্যা (ইবিটি), প্রাণীবিদ্যা (ইজেডও), ভূগোল (ইজিআর) এবং বাণিজ্য (ইসিও)] সাম্মানিক ডিগ্রি প্রদান করে থাকে। উল্লিখিত ১৫টি ঐচ্ছিক বিষয়ের মধ্যে থেকে শিক্ষার্থী তাঁদের সাচ্ছন্দ্যমতো যেকোনো একটি ঐচ্ছিক বিষয় নির্বাচিত করতে পারেন, যেগুলি অন্যান্য প্রচলিত বিশ্ববিদ্যালয়ের সাম্মানিক ডিগ্রির সমতুল্য। ঐচ্ছিক বিষয় নির্বাচনের উপর ভিত্তি করে শিক্ষার্থীদের যেকোনো একটি সাবসিডিয়ারি বিষয় (৩টি ১০০ মানের পত্র সম্বলিত) গ্রহণ করতে হবে। এছাড়াও, ঐচ্ছিক বিষয়ের পাঠক্রমে শিক্ষার্থীদের চারটি আবশ্যিক বিষয় (ফাউন্ডেশন কোর্স), একটি ফলিত বিষয় (AOC) এবং পরিবেশবিদ্যা (ENVS) আবশ্যিক ভাবে অন্তর্ভুক্ত। তাত্ত্বিক পত্রগুলির ক্ষেত্রে ক্রমিক মূল্যায়ন প্রক্রিয়া চালু থাকে অ্যাসাইনমেন্ট পদ্ধতির মাধ্যমে। চূড়ান্ত ফলাফল প্রস্তুতির ক্ষেত্রে অ্যাসাইনমেন্ট-এর গুরুত্ব ৩০ শতাংশ (এ) ও টার্ম-এন্ড পরীক্ষার গুরুত্ব ৭০ শতাংশ (বি)।

বিজ্ঞান শাখার প্র্যাকটিক্যাল (প্রায়োগিক) পত্রের ক্ষেত্রে প্র্যাকটিক্যাল কাউন্সেলিং সেশন চলার সময়ই সামগ্রিক মূল্যায়ন করা হয়।

তাত্ত্বিক-পত্রগুলির ক্রমিক মূল্যায়ন হয় অ্যাসাইনমেন্টের ভিত্তিতে যা শিক্ষার্থীরা আবশ্যিকভাবে টার্ম-এন্ড পরীক্ষার আগে নির্দিষ্ট পাঠকেন্দ্রে জমা দেন।

প্রতি সেমেস্টার/বৎসর শেষ হওয়ার পর টার্ম-এন্ড পরীক্ষা অনুষ্ঠিত হয়। যে সমস্ত শিক্ষার্থী টার্ম-এন্ড পরীক্ষা দিতে আগ্রহী তাঁদের বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা দপ্তরের দ্বারা প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী নির্দিষ্ট সময়ে ফর্ম পূরণ করতে হবে।

যে সমস্ত শিক্ষার্থী একটি নির্দিষ্ট টার্ম-এন্ড পরীক্ষা দিতে পারবেন না তাঁরা পরের টার্ম-এন্ড পরীক্ষার সঙ্গে আগের না দেওয়া পত্রের পরীক্ষাটি দিতে পারবেন।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে প্রতিটি পত্রে প্রাপ্ত নম্বর হল অ্যাসাইনমেন্ট (এ) ও টার্ম-এন্ড (বি) পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফল। অর্থাৎ অ্যাসাইনমেন্ট ৩০ শতাংশ এবং টার্ম-এন্ড পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৭০ শতাংশের যোগফল। প্রতিটি পত্রভিত্তিক প্রাপ্ত নম্বরকে (মোট ১০০ নম্বরের মধ্যে) 'রাউন্ডিং অফ' করা হয় সর্বস্বীকৃত প্রক্রিয়ার মাধ্যমে। প্রতিটি পত্রের জন্য মোট প্রাপ্ত নম্বর (এ + বি) গণনা করা হবে যেমন মার্কশিটে উল্লিখিত আছে।

৩০ ঘণ্টা পঠন-পাঠনকে একটি ক্রেডিটের সমতুল বলে গণ্য করা হবে (যার মধ্যে শিক্ষার্থীদের নিজস্ব পঠন-পাঠনও গৃহীত)।

নিচে ক্রেডিট-সিস্টেমের বিশদ বিবরণ দেওয়া হল :

টোটাল ক্রেডিট : ১২৪ অথবা ১৫৫০ নম্বর।

বিষয় ভিত্তিক ক্রেডিট পয়েন্ট বিভাজন (Subject-wise division of credit points):

Subjects		Credits	Marks
Compulsory Subjects	Foundation Course in Bengali (FBG)	4	50
	Foundation Course in English (FEG)	4	50
	Foundation Course in Humanities & Social Sciences (FHS)	8	100
	Foundation Course in Science & Technology (FST)	8	100
	TOTAL	24	300
Elective Subjects	Arts/Commerce/Science (Honours Level) (8 papers)	64	800
	TOTAL	64	800
Subsidiary Subject	One Subsidiary subject (3 papers)	24	300
	TOTAL	24	300
Application Oriented Course	Basic Accountancy (AOC 1) for Commerce / Food Processing (AOC 2) for Arts / Household Chemistry (AOC 3) for Science	8	100
	TOTAL	8	100
Environmental Studies	Environmental Studies	4	50
	TOTAL	4	50
	GRAND TOTAL	124	1550

15. পরীক্ষা পদ্ধতি (Examination Pattern)

নিম্নলিখিত পদ্ধতি অনুসারে বিশ্ববিদ্যালয় সেমিস্টার/বৎসর ভিত্তিক টার্ম-এন্ড পরীক্ষা অনুষ্ঠিত করে থাকে। কোনো যোগ্য পরীক্ষার্থী তাঁর বর্তমান টার্ম-এন্ড পরীক্ষার সঙ্গে পূর্ববর্তী না দেওয়া/অকৃতকার্য হওয়া পত্রটির পরীক্ষাও একসাথে দিতে পারেন।

Year	Semester	Papers for B.Sc. (other than EMT)	Papers for B.Sc. (EMT only)	Papers for B.A. and B.Com.
1st Year	1st Semester	FBG, FEG, E-1 & 4*	FBG, FEG, E-1 & 4	FBG, FEG, E-1
	2nd Semester	FHS, E-2, E-3, E-5 & Environmental Studies	FHS, E-2, E-3, E-5 & Environmental Studies	FHS, E-2 & Environmental Studies
2nd Year	3rd Semester	FST, E-6, E-8*	FST, E-6, E-7, E-8	FST, E-3
	4th Semester	E-7, E-9, E-10, S-1	E-9, E-10, E-11, S-1	E-4, E-5, S-1
3rd Year	5th Semester	E-11, E-12*, S-2	E-12, E-13, E-16*, S-2	E-6, E-7, S-2
	6th Semester	E-13 & E-14 (combined) E-15, S-3#, AOC	E-14, E-15, S-3#, AOC	E-8, AOC, S-3
<p>* Practical Courses (100 marks each) (except E-16 in Mathematics is of 50 marks) E-13 & E-14 combined 50 marks (except Mathematics) #S-3 is practical paper when the subsidiary subject is lab based otherwise S-3 is a theory paper.</p>				

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষা বিষয়ক নির্ঘণ্ট অনুযায়ী পরীক্ষা গ্রহণ এবং ফলাফল প্রকাশের প্রক্রিয়াটি সর্বাধিক গুরুত্ব সহকারে সম্পন্ন করে থাকে। যাইহোক মুক্ত বিশ্ববিদ্যালয় হওয়ার কারণে এই বিশ্ববিদ্যালয়কে অন্যান্য সরকারি এবং সরকার পোষিত শিক্ষা প্রতিষ্ঠানের পরিকাঠামোর ওপর নানাভাবে নির্ভর করতে হবে। এই নির্ভরশীলতা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক ক্যালেন্ডারকে বিঘ্নিত করে উদ্বেগ সৃষ্টি করে। এই ধরনের উদ্ভূত অপ্রীতিকর পরিস্থিতির কারণে অ্যাকাডেমিক ক্যালেন্ডার বিঘ্নিত হতে পারে, যা বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণের বাইরে। এই সমস্ত ক্ষেত্রে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় সর্বদা সচেতন থাকে যাতে এই বিলম্ব ন্যূনতম করা যায়। ঐকান্তিক প্রচেষ্টা সত্ত্বেও কিছু কিছু ক্ষেত্রে ফলাফলের নিশ্চয়তা প্রদানে বিশ্ববিদ্যালয় অপারগ হয়। সেই সমস্ত ক্ষেত্রে পরবর্তী পরীক্ষার আগে বকেয়া ফলাফল প্রকাশ করা হয়। শিক্ষার্থীদের অনুরোধ করা হচ্ছে যে তাঁরা যেন নির্দিষ্ট সময়সীমার মধ্যে পরীক্ষার ফর্ম পূরণ করেন। কিন্তু যদি দেখা যায় কোনো শিক্ষার্থী তাঁর আগের পরীক্ষায় কৃতকার্য হয়েছেন তবে দ্বিতীয় পরীক্ষার আবেদনপত্র যা ইতিমধ্যে জমা দেওয়া হয়েছে তা বাতিল বলে গণ্য হবে।

16. মূল্যায়ন প্রক্রিয়া (ইভ্যালুয়েশন প্রসেস)

প্রতিটি বিষয়ের মূল্যায়ন হয় দুটি পদ্ধতিতে

(ক) অ্যাসাইনমেন্ট/ ইন্টারনাল অ্যাসেসমেন্ট (অভ্যন্তরীণ মূল্যায়ন) :

দূরশিক্ষা ও মুক্ত শিক্ষাক্রমের অন্তর্গত শিক্ষা-পদ্ধতিতে অভ্যন্তরীণ মূল্যায়নের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। দূরশিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের মধ্যে যে স্থানগত দূরত্ব আছে তার মধ্যে সংযোগকারী সেতু হিসেবে কাজ করে অ্যাসাইনমেন্ট। শিক্ষার্থীরা অ্যাসাইনমেন্টের অন্তর্গত প্রশ্নগুলির উত্তর লিখে পাঠান। যে উত্তরগুলি দূরশিক্ষাক্রমের অধ্যাপকমণ্ডলীর দ্বারা মূল্যায়িত হয়। এর মধ্য দিয়ে শিক্ষার্থীদের বোধগম্যতার প্রতিফলন দেখা যায়। মূল্যায়িত উত্তরপত্রগুলি শিক্ষার্থীদের ফেরত দেওয়া হয় মন্তব্যসহ এই কারণে যাতে তাঁরা তাঁদের শক্তি ও দুর্বলতা বিষয়ে অবহিত হতে পারেন। মূল্যায়কদের গঠনমূলক ও অর্থপূর্ণ মন্তব্যগুলির মাধ্যমে শিক্ষার্থীদের শিক্ষণ সাফল্যমণ্ডিত হয়। শিক্ষার্থী ও দূরশিক্ষাক্রমের অন্তর্গত অধ্যাপকমণ্ডলীর মধ্যে থাকা দূরত্ব এইভাবে অস্বহিত হয়ে দু-পক্ষের সংযোগ সাধিত হয় অ্যাসাইনমেন্টের মাধ্যমে।

প্রতিটি বিষয়ের জন্য নির্ধারিত অ্যাসাইনমেন্ট শিক্ষার্থীদের নির্দিষ্ট সময়ে জমা দিতে হয় এবং অ্যাসাইনমেন্ট পেপারে প্রাপ্ত ক্রেডিট তাঁদের ব্যক্তিগত পরিসংখ্যানে সংযুক্ত হয়। প্রতি বিষয়ে প্রাপ্ত নম্বরের ৩০ শতাংশ গৃহীত হবে। এইভাবে সমস্ত বিষয়ে প্রাপ্ত ক্রেডিট নথিবদ্ধ করা হয়ে থাকে।

প্রতি সেমেস্টার শেষ হওয়ার পর টার্ম-এন্ড পরীক্ষার আগে সমস্ত শিক্ষার্থীকে অ্যাসাইনমেন্ট পেপার জমা দিতে হয়। কোনো ক্ষেত্রেই শিক্ষার্থীরা পরীক্ষার জন্য নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন না যদি না তাঁরা অ্যাসাইনমেন্ট পেপার নির্দিষ্ট সময়ে জমা না দিয়ে থাকেন। শিক্ষার্থীদের নির্দিষ্ট পাঠ্যক্রম থেকে মূল্যায়িত অ্যাসাইনমেন্ট পেপারগুলি ফেরত নিতে হয়।

এন. এস. ও. ইউ ওয়েবসাইট: বিশ্ববিদ্যালয়ের www.wbnsou.ac.in ওয়েবসাইট থেকে শিক্ষার্থীরা সমস্ত প্রাসঙ্গিক তথ্য ও কোর্সের জন্য নির্ধারিত অ্যাসাইনমেন্ট পত্র পেতে পারেন।

(খ) শিক্ষাবর্ষান্ত বা টার্ম-এন্ড পরীক্ষা :

প্রতি সেমেস্টারের পর নির্ধারিত টার্ম-এন্ড পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৭০ শতাংশ সংরক্ষিত থাকবে পাশ করার ন্যূনতম নম্বর হল সংযুক্তভাবে ৩৫ অর্থাৎ টার্ম-এন্ড পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও অ্যাসাইনমেন্টে প্রাপ্ত নম্বর মিলিয়ে ৩৫ নম্বর পেতে হবে।

(গ) গবেষণার্থী বিষয়ের (EMT-16 ব্যতীত) ক্ষেত্রে প্রায়োগিক পরীক্ষা/ ল্যাবরেটরি কাউন্সেলিং-কাম-ইভালুয়েশন সেশন (LCES):

ইলেক্টিভ ও সাবসিডিয়ারি বিজ্ঞান শাখার প্রায়োগিক (Practical) ক্লাস বা ল্যাবরেটরি কাউন্সেলিং-কাম-ইভালুয়েশন সেশন (LCES) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক আয়োজন করা হয়। প্র্যাকটিক্যাল পরীক্ষার কেন্দ্র কোথায় কোথায় হবে তাও বিশ্ববিদ্যালয় নির্দিষ্ট করে।

বিজ্ঞান-শাখার প্রতিটি ইলেক্টিভ বিষয়ের জন্য প্র্যাকটিক্যাল পরীক্ষাগুলি নিম্নলিখিত পদ্ধতিতে গ্রহণ করা হয়ে থাকে :

ক্রমিক সংখ্যা	দিন	ক্রিয়াকলাপ	মানের শতাংশ
১	১ম দিন	পরিচিতি পর্ব	০
২	২য় দিন—১১তম দিন	নিরবচ্ছিন্ন প্র্যাকটিক্যাল পর্যায়	৭০%
৩	১২তম দিন	প্র্যাকটিক্যাল পরীক্ষা	৩০%

বিজ্ঞান-শাখার প্রতিটি সাবসিডিয়ারি বিষয়ের জন্য প্র্যাকটিক্যাল পরীক্ষাগুলি নিম্নলিখিত পদ্ধতিতে গ্রহণ করা হয়ে থাকে :

ক্রমিক সংখ্যা	দিন	ক্রিয়াকলাপ	মানের শতাংশ
১	১ম দিন	পরিচিতি পর্ব	০
২	২য় দিন—৯ম দিন	নিরবচ্ছিন্ন প্র্যাকটিক্যাল পর্যায়	৭০%
৩	১০ম দিন	প্র্যাকটিক্যাল পরীক্ষা	৩০%

প্রায়োগিক পরীক্ষার (LCES) প্রারম্ভে নির্দিষ্ট সূচি ও কেন্দ্রের নাম সম্বলিত নির্দেশনামা নির্দিষ্ট পাঠ্যক্রম পাঠানো হয় এবং এই নির্দেশনামা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেও প্রকাশিত হয় (www.wbnsou.ac.in).

মাত্রাবিন্যাস (গ্রেডেশন) :

প্রাপ্ত নম্বর	শ্রেণি	পর্যায় (গ্রেড)
৭০% এবং ততোধিক	প্রথম শ্রেণি সাম্মানিক	এ+
৬০% থেকে ৭০%-এর নিচে	প্রথম শ্রেণি সাম্মানিক	এ
৫৫% থেকে ৬০%-এর নিচে	দ্বিতীয় শ্রেণি সাম্মানিক	বি+
৪০% থেকে ৫৫%-এর নিচে	দ্বিতীয় শ্রেণি সাম্মানিক	বি
৩৫% থেকে ৪০%-এর নিচে	সাম্মানিক ছাড়া পাশ	সি

17. ডিগ্রি ও স্বীকৃতি

সাফল্যের সঙ্গে প্রোগ্রামগুলি সম্পূর্ণ করার পরে শিক্ষার্থীরা টার্ম-এন্ড পরীক্ষার কৃতিত্বের ভিত্তিতে বি.এ./বি.কম./বি.এসসি. ডিগ্রি লাভ করতে পারেন।

বিশ্ববিদ্যালয় প্রদত্ত ডিগ্রিগুলি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি আয়োগ, দূরশিক্ষা পর্যদ এবং পশ্চিমবঙ্গ সরকার দ্বারা স্বীকৃত। এই স্বীকৃতির সরকারি আদেশনামাগুলি নিম্নরূপ—

- University Grants Commission (UGC) u/s 2(f) vide letter No.F.9-2-97 (CPP-I) dated 26 August, 1998.
- Distance Education Council (DEC) vide letter No.f:DEC/OU/Recog/2008 dated 8 April, 2008 and there after UGC-DEB.
- Govt. of West Bengal vide letter No.316-SE(Appt.) dated 21 March 2000 and 501-SE(A)/10M-51/99 dated 15 May 2000.
- UGC-DEB for offering programmes through Distance Mode for Academic Year 2018-19 to 2022-23 vide F.No. 1-6/2018 (DEB-I) dated 09.08.2018 & 03.10.2018 and F.No. I-18/2018 (DEB-I) dated 31.12.2018.

সফলভাবে কোনো কোর্স বা প্রোগ্রাম শেষ করার পর শিক্ষার্থীদের প্রাপ্ত বি.এ./বি.কম./বি.এসসি. ডিগ্রি দেশের অন্য যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের সমতুল। পশ্চিমবঙ্গ সরকার, কলেজ-সার্ভিস কমিশন, পাবলিক সার্ভিস কমিশন, ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, রেলওয়ে রিট্রুটমেন্ট বোর্ড প্রভৃতি নিয়োগ সংস্থাগুলি অন্যান্য নিয়মিত বিশ্ববিদ্যালয়গুলি থেকে প্রাপ্ত ডিগ্রির সমতুল মর্যাদা দেয়। অন্যান্য রাজ্যস্বত্বের বিশ্ববিদ্যালয়গুলিও মুক্ত বিশ্ববিদ্যালয়ের তথা নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতকদের বিভিন্ন স্নাতকোত্তর স্তরে ভর্তির সুযোগ দেয়। অর্থাৎ এই বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রি অন্য বিশ্ববিদ্যালয়গুলিতেও মান্যতা পায়।

18. পরীক্ষা পদ্ধতি সংক্রান্ত সাধারণ নির্দেশিকা

- (১) **সেমেস্টার সিস্টেম:** পাঠক্রমের অবয়ব নির্ধারিত হয় ৬-মাসের সময়সীমার ভিত্তিতে। যদিও বর্তমানে টার্ম-এন্ড পরীক্ষা (TEE) অনুষ্ঠিত হয় দুটি সেমেস্টার তথা এক বছর পূর্ণ হওয়ার পর। বাৎসরিক টার্ম-এন্ড পরীক্ষার ফলাফল প্রগতি-প্রতিবেদন (প্রোগ্রেস রিপোর্ট)-এ দেখা যায়। তবে সমস্ত বিষয়ের প্রতিটি পত্রে পাশ করার পর রেজাল্ট প্রকাশিত হয় এবং মার্কশিট প্রদান করা হয়।
- (২) **রিভিউ সিস্টেম (পুনঃপরীক্ষণ পদ্ধতি) :** বিডিপি কোর্সের জন্য কোনো প্রথাগত রিভিউ পদ্ধতি এই বিশ্ববিদ্যালয়ে নেই। তাই শিক্ষার্থীরা যাতে কোনো অবিচারের শিকার না হন তা নিশ্চিত করার জন্য পরীক্ষা ও মূল্যায়নের প্রতিটি স্তরে সম্ভাব্য সর্বকম পূর্ব-সতর্কতা নেওয়া হয়।
- (৩) **পরীক্ষা-সূচি পরিবর্তন :** সাধারণত পরীক্ষার তারিখ বদল করা হয় না (কোনো সরকারি চাকরি বা অন্যান্য পরীক্ষা থাকা সত্ত্বেও)। তবে কোনো অনিবার্য কারণবশত পরীক্ষার দিন বদল হতে পারে এবং সেক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত।
- (৪) **পরীক্ষা কেন্দ্র :** বিশ্ববিদ্যালয়ের টার্ম-এন্ড পরীক্ষাগুলি বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্র অথবা সরকার অনুমোদিত বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে অনুষ্ঠিত হয়ে থাকে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত।
- (৫) **পরীক্ষার দিন :** বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সপ্তাহান্তে অথবা কাজের দিনে পরীক্ষার দিন ধার্য করতে পারেন। এক্ষেত্রেও বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত।
- (৬) **ক্লিয়ার্ড/পাশ :** কোনো শিক্ষার্থী পরীক্ষায় একটি নির্দিষ্ট পত্র পাশ (ক্লিয়ার) করার পর পুনরায় ওই পত্রের পরীক্ষা দিতে পারবেন না। আবার কোনো শিক্ষার্থী সাফল্যের সঙ্গে কোনো কোর্স সমাপ্ত করলেও পুনরায় ওই কোর্সে ভর্তি হতে পারবেন না।
- (৭) **অনিয়মিত উপস্থিতি :** যদি কোনো শিক্ষার্থী পরীক্ষা দপ্তর দ্বারা বণ্ডিত বৈধ অ্যাডমিট কার্ড (প্রবেশপত্র) অথবা রোল নং (ক্রমিক সংখ্যা) ছাড়াই পরীক্ষায় অবতীর্ণ হন তাহলে তাঁর পরীক্ষা অনিয়মিত পরীক্ষা হিসেবে গণ্য হবে এবং সেই উত্তরপত্র মূল্যায়িত হবে না।
- (৮) **উত্তরপত্র প্রাপ্তির সময়সীমা :** ফলাফল প্রকাশের তিন মাসের পর মূল্যায়িত উত্তরপত্র সংরক্ষণ করা বিশ্ববিদ্যালয়ের পক্ষে সম্ভব নয়। পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখতে পারেন অথবা পরীক্ষাদপ্তরে যোগাযোগ করতে পারেন।

19. পাঠকেন্দ্র (স্টাডি সেন্টার)

বিশ্ববিদ্যালয় পাঠকেন্দ্রগুলির মাধ্যমে বিভিন্ন ধরনের শিক্ষার্থী-সহায়তা সেবা প্রদান করে। বিষয় সম্বলিত পাঠকেন্দ্রগুলির একটি তালিকা এখানে সংযোজিত হল। এই পাঠকেন্দ্রগুলি রাজ্যের সমস্ত জেলার মুখ্যস্থানে অবস্থিত এবং গণপরিবহন-এর মাধ্যমে সংযুক্ত। কলেজ পরিচালন সমিতির মাধ্যমে অধ্যক্ষ মহাশয় দ্বারা নিযুক্ত সঞ্চালক ও কর্মীবৃন্দের দ্বারা পরিচালিত হয় এই পাঠকেন্দ্রগুলি। বিবরণপত্র (প্রসপেক্টাস), ভর্তির আবেদনপত্র সহ সবধরনের তথ্য-সহায়তা এই কেন্দ্রগুলি থেকে পাওয়া যাবে।

প্রতি শিক্ষাবর্ষের প্রারম্ভে পাঠকেন্দ্রগুলি শিক্ষার্থীদের আমন্ত্রণ জানায় প্রারম্ভিক সভায়। যেখানে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যপদ্ধতি এবং দূরশিক্ষা পদ্ধতি সম্পর্কে অবহিত হন।

পাঠকেন্দ্রগুলি শিক্ষার্থীদের কাউন্সেলিং-এর সময়সূচি তৈরি ও বিজ্ঞাপিত করে। সাধারণত কাউন্সেলিং-এর সূচি সপ্তাহান্তে অথবা ওই প্রতিষ্ঠানের ছুটির সময় দেখে তৈরি করা হয়।

পাঠকেন্দ্রগুলি বিশ্ববিদ্যালয় থেকে অ্যাসাইনমেন্ট পেপার সংগ্রহ করে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করে এবং তার মূল্যায়নের ব্যবস্থা করে।

বিবরণপত্র (প্রসপেক্টাস), তথ্য, অ্যাসাইনমেন্ট প্রভৃতি বিশ্ববিদ্যালয়ের প্রধান কার্যালয় থেকে সরাসরি শিক্ষার্থীদের সরবরাহ করা হয় না। এই সমস্ত কিছুর জন্য শিক্ষার্থীদের পাঠকেন্দ্রগুলির সঙ্গে যোগাযোগ করতে হবে।

সংক্ষেপে বলা যায়, প্রতিটি পাঠকেন্দ্র (স্টাডি-সেন্টার) বিশ্ববিদ্যালয় এবং শিক্ষার্থীদের মধ্যে দৈনন্দিন সংযোগ রক্ষা করে। উচ্চমানের বিদ্যাগত ও নৈতিক মানের জন্য শিক্ষার্থীদের ঐকান্তিকভাবে সচেতন ও মর্যাদাসম্পন্ন আচরণ বাঞ্ছনীয়।

19.1 পাঠকেন্দ্র ও সেগুলিতে অনুমোদিত কোর্স তালিকা (List of Study Centres along with approved Courses)

38-43 পৃষ্ঠা দেখুন।

19.2 জেলাভিত্তিক পাঠকেন্দ্র (District wise List of Study Centres)

44-45 পৃষ্ঠা দেখুন।

20. শিক্ষার্থী সহায়তা (স্টুডেন্ট সাপোর্ট সার্ভিস)

বিশ্ববিদ্যালয়ের বিদ্যাগত ও প্রশাসনিক পরিকাঠামোর প্রধান অভিমুখ হল সমস্ত পদ্ধতিটি যাতে শিক্ষার্থীদের অনুকূল হয়। ভর্তি-পূর্ব সময় থেকে সার্টিফিকেট পাওয়া পর্যন্ত শিক্ষার্থীরা বিভিন্ন পর্যায়ে বিশ্ববিদ্যালয় থেকে বিদ্যাগত ও অন্যান্য সহযোগিতা নিরন্তর পেয়ে থাকেন।

- প্রধান কার্যালয়, আঞ্চলিক কেন্দ্র ও পাঠকেন্দ্রগুলিতে ভর্তি-পূর্ব কাউন্সেলিং হয়।
- পি সি পি-র মাধ্যমে প্রত্যক্ষ শিক্ষণ-সহায়তা দেওয়া হয় পাঠকেন্দ্রগুলিতে।
- নির্বাচিত কেন্দ্রগুলিতে বিশেষজ্ঞ অধ্যাপকদের অধীনে প্রয়োজনীয় উপাদানসহ প্রায়োগিক (প্র্যাকটিক্যাল) ক্লাস হয়।
- নির্দিষ্ট বিষয়ের চাহিদা অনুযায়ী বিভিন্ন কর্মশালা, শিক্ষামূলক ভ্রমণ প্রভৃতি আয়োজিত হয়।
- নিরন্তর মূল্যায়ন ও তথ্য পরিবেশন।
- পাঠাগারের সুবিধা।
- নির্দিষ্ট পাঠকেন্দ্রে ও আঞ্চলিক কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হয়।

20.1 গ্রন্থাগার

বিশ্ববিদ্যালয়ে পাঠরত ছাত্রছাত্রীরা গ্রন্থাগার পরিষেবা ব্যবহার করতে পারে। SLM ছাড়াও বিভিন্ন পাঠ্যপুস্তক, আকরগ্রন্থ, পত্রপত্রিকা ইত্যাদি এই গ্রন্থাগারে পাওয়া যায়। গ্রন্থাগারটি বর্তমানে বিশ্ববিদ্যালয়ের কল্যাণী Campus-এ Warehouse বিল্ডিং-এর ৩ তলায় অবস্থিত।

খোলা থাকার সময় : সোম-শুক্র দুপুর ১২টা থেকে বিকাল ৪টে পর্যন্ত। শনি এবং রবিবার ক্লাস ও প্র্যাকটিকাল ক্লাস চলাকালীন গ্রন্থাগার খোলা।

গ্রন্থাগার ব্যবহার করার নিয়ম : ছাত্রছাত্রীদের একটি সভ্য হবার ফর্ম গ্রন্থাগারের অফিস থেকে সংগ্রহ করতে হবে। সেটি যথাযথ পূরণ করে অফিসে জমা করার পর একটি সদস্যপত্র (কার্ড) দেওয়া হবে। এর দ্বারা ছাত্রছাত্রীরা গ্রন্থাগার ব্যবহার করার সুযোগ পাবে। আপাতত শুধু পাঠকক্ষ এবং প্রতিলিপি (photocopy) পরিষেবা দেওয়া হবে।

পাঠকক্ষ (Study Corners) : গ্রন্থাগার পরিষেবাকে রাজ্যব্যাপী ছড়িয়ে দেবার জন্য এই রাজ্যের কয়েকটি নির্বাচিত জেলা গ্রন্থাগারে NSOU-এর পাঠকক্ষ তৈরি করা হয়েছে। সারা দেশে এই ধরনের উদ্যোগ এই প্রথম। এর ফলে বিভিন্ন দূরবর্তী জেলার ছাত্রছাত্রীরা বিশেষভাবে উপকৃত হবেন। পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার বিভাগের সক্রিয় সহযোগিতায় জেলা গ্রন্থাগারগুলিতে এই পাঠকক্ষগুলি গড়ে উঠেছে—বিশদ পাঠকক্ষ তালিকার জন্য 47 পৃষ্ঠা দেখুন।

21. কার সঙ্গে যোগাযোগ করতে হবে

ক্রমিক সংখ্যা	বিভাগ	বিষয়	টেলিফোন নং	ই-মেল আইডি
১.	নিবন্ধন	ভর্তি সংক্রান্ত নিবন্ধন সংক্রান্ত পুনর্নবীকরণ সংক্রান্ত	০৩৩-৪০৬৬ ৩২২০ ০৩৩-৪০৬৬ ৩২২৩	nsou@wbnsou.ac.in
২.	পাঠ-উপকরণ		০৩৩-৪০৬৬ ৩২১৮	aichnsou@gmail.com
৩.	পরীক্ষা	অ্যাডমিড কার্ড সংক্রান্ত অ্যাসাইনমেন্ট সংক্রান্ত টার্ম-এন্ড পরীক্ষা সংক্রান্ত	০৩৩-২৪৬৩ ০২৯২ ০৩৩-২৪৬৩ ০২৯৩	coe.bdp@wbnsou.ac.in
৪.	পাঠকেন্দ্র	পাঠকেন্দ্র সংক্রান্ত	০৩৩-৪০৬৬ ৩২০৫	aichnsou@gmail.com

22. শিক্ষার্থীদের অভিযোগ

যে-কোনো ধরনের অভিযোগ জানানোর জন্য সহকারী অধিকর্তা, স্টাডি সেন্টার অথবা আহ্বায়ক, শিক্ষার্থী অভিযোগ নিষ্পত্তি বিভাগ-এর সাথে যোগাযোগ করুন চিঠি অথবা ই-মেলের মাধ্যমে।

ই-মেল: asstdirector.nsou@gmail.com

চিঠি পাঠানোর ঠিকানা : ডিডি-২৬, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৬৪

একজন শিক্ষার্থী নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর:

তঁার সমস্ত ধরনের লিখিত অভিযোগ, প্রয়োজনীয় প্রামাণ্য তথ্যের প্রতিলিপি সহ পাঠকেন্দ্রের সঞ্চালক মহাশয় দ্বারা স্বাক্ষরিত হয়ে আসতে হবে। অন্যথায় অভিযোগটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দ্বারা গ্রাহ্য হবে না।

23. কর্মক্ষেত্রে মহিলাদের যৌন-নিপীড়ন সংক্রান্ত নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের নীতি

Sexual Harassment of Women at Workplace (Prevention, Prohibition and Redressal) Act, 2013-এর সঙ্গে সঙ্গতি রেখে এবং তৎপরবর্তী বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশাবলী অনুযায়ী, নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মক্ষেত্রে নারী নির্যাতন প্রতিরোধ নিষিদ্ধকরণ ও শাস্তিবিধানের জন্য একটি নীতি নির্ধারণ করেছে এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রাঙ্গণে মহিলা কর্মীদের ওপর যৌন-নিপীড়ন সংক্রান্ত আভ্যন্তরীণ অভিযোগ গ্রহণের জন্য **Internal Complaints Committee** গঠন করেছে।

এই নীতি সংক্রান্ত আইন ও পদ্ধতিগত খবরাখবর বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ওয়েবসাইট-এ (www.ugc.ac.in) পাওয়া যাবে। পাঠকেন্দ্রের কো-অর্ডিনেটর বা যেখানে পাঠকেন্দ্রটি অবস্থিত সেখানকার অধ্যক্ষের কাছে যৌন-নিপীড়ন সংক্রান্ত অভিযোগ জানানো যাবে।

24. প্রশিক্ষণ খরচে ছাড়

প্রশিক্ষণ খরচে ছাড়ের পরিকল্পনাটি কেবলমাত্র তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য। তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীরা যেকোনো বিডিপি পাঠক্রমে ভর্তি বা পুনর্নবীকরণ-এর পর প্রশিক্ষণ খরচ ফেরত পেতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আবেদন জমা দিতে পারেন। শিক্ষার্থীরা সাদা কাগজে আবেদনপত্রটি লিখবেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধককে উদ্দেশ্য করে। আবেদনপত্রটি এবং আবেদনপত্রের সমর্থনকারী নিম্নলিখিত নথিগুলি পাঠকেন্দ্রের কো-অর্ডিনেটরের দ্বারা প্রত্যায়িত হতে হবে।

- ১। প্রশিক্ষণ খরচ জমা দেওয়ার প্রমাণপত্র বা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদেয় পেমেন্ট কনফার্মেশন রশিদ।
- ২। তৃতীয় লিঙ্গের প্রামাণ্যতার সপক্ষে কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার-এর মেডিক্যাল অফিসার কর্তৃক প্রদেয় শংসাপত্র/আধার।

আবেদনপত্র এবং আবেদনপত্রের সমর্থনকারী নথিগুলি যাচাই করার পর প্রশিক্ষণ খরচ আবেদনকারীকে ফেরত দেওয়া হতে পারে।

25. প্রায়শ জিজ্ঞাস্য

যে সমস্ত প্রশ্ন শিক্ষার্থীরা সচরাচর জিজ্ঞাসা করেন, পূর্বানুমানের ভিত্তিতে নিচে তার কয়েকটি উত্তর দেওয়া হল।
আমি কোথায় অনলাইন আবেদনপত্র পাব? আমার পূরণ করা আবেদনপত্র অথবা যোগ্যতামান কোথায় যাচাই করব? পূরণ করা আবেদনপত্র কোথায় জমা দেব?

ভর্তির বিজ্ঞপ্তি জারি হওয়ার পর আপনি আমাদের ভর্তিসংক্রান্ত ওয়েবসাইটে সমস্ত তথ্য পাবেন (ভর্তির বিজ্ঞপ্তিতে বিশদ সংযোগ উপলব্ধ হবে)।

পূরণ করা আবেদনপত্র অথবা যোগ্যতামান আপনাকে যাচাই করতে হবে আপনার নির্বাচিত পাঠকেন্দ্র (স্টাডি সেন্টার)-এর মাধ্যমে (যেটি আপনার আবেদনপত্রে উল্লিখিত আছে)।

আপনার প্রদেয় ভর্তি-ফি বিশ্ববিদ্যালয়-নির্দিষ্ট ব্যাঙ্কে জমা দিয়ে সেই রসিদ ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও নম্বরপত্রের ফোটোকপিসহ পূরণ করা আবেদনপত্র নির্ধারিত পাঠকেন্দ্রে জমা দিতে হবে।

আমি কি পাঠকেন্দ্র (স্টাডি সেন্টার) বদল করতে পারি?

ভর্তির পর শর্ত সাপেক্ষে পাঠকেন্দ্র বদল করা যায়। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনুকূলে কলকাতায় প্রদেয় ৫০০ (পাঁচশত) টাকার ব্যাঙ্ক ড্রাফট জমা দিয়ে আবেদন করতে হবে। এই ধরনের আবেদনপত্র তখনই গ্রাহ্য হবে যখন শিক্ষার্থী চাকরি, বিবাহ অথবা পরিবার স্থানান্তরের কারণে পাঠকেন্দ্র বদল করতে চাইবেন। উপরোক্ত কারণগুলির যথাযথ প্রমাণ থাকতে হবে।

আমার পঞ্জীভুক্তকরণ সংখ্যা তথা পরিচয়পত্র (এনরোলমেন্ট-কাম-আইডেনটিটি কার্ড) হারিয়ে গেলে কী করব?

আবেদনকারীকে যথাশীঘ্র সম্ভব স্থানীয় থানায় একটি ডায়ারি করতে হবে। এনরোলমেন্ট-কাম-আইডেনটিটি কার্ড-এর প্রতিরূপ/অনুলিপি পেতে গেলে বিশ্ববিদ্যালয়ের অনুকূলে কলকাতায় প্রদেয় ৫০০ (পাঁচশত) টাকার ব্যাঙ্ক ড্রাফট, থানায় করা ডায়ারির আসল কপি সহ নিবন্ধক মহাশয়ের কাছে আবেদন করতে হবে। আপনার আবেদনপত্রটি অবশ্যই পাঠকেন্দ্রের কোর্ডিনেটর মহাশয়ের স্বাক্ষর ও সিলমোহর সম্বলিত হয়ে প্রেরিত হতে হবে।

আমি নিজের পাঠকেন্দ্র পছন্দ করতে পারব নাকি বিশ্ববিদ্যালয় ঠিক করে দেবে?

আপনি আপনার সুবিধে মত পাঠকেন্দ্র বাছতে পারবেন। তবে মনে রাখবেন বিশ্ববিদ্যালয় অনুমোদিত সমস্ত কোর্স সব পাঠকেন্দ্রে উপলব্ধ নয়। তাই পাঠকেন্দ্র বাছাই করার সময় দেখে নিন আপনার নির্দিষ্ট কোর্সটি নির্দিষ্ট পাঠকেন্দ্রে আছে কি না। সাধারণভাবে আপনার পছন্দের কেন্দ্র আপনাকে দেওয়া হয়। তবে ব্যতিক্রমী ও অপরিহার্য পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় আলাদা পাঠকেন্দ্র বণ্টন/বরাদ্দ করতে পারে এবং এই ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত।

কোর্স ফি কীভাবে প্রদান করব?

অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে অথবা বিশ্ববিদ্যালয় নির্দিষ্ট ব্যাঙ্ক চালান-এর মাধ্যমে আপনি ফি জমা করতে পারবেন। ফি জমা সংক্রান্ত পদ্ধতির বিষয়ে বিশদ জানতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের ভর্তিসংক্রান্ত বিজ্ঞপ্তি ও নির্দেশিকা দেখুন।

আমি আমার ভর্তির আবেদনপত্র কি ডাকযোগে পাঠকেন্দ্রে পাঠাতে পারি ?

না, পারেন না। কারণ, পাঠকেন্দ্রে একটি নির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে আপনার আবেদনপত্র যাচাই করা হবে। অর্থাৎ আপনাকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে আবেদনপত্র জমা দিতে হবে।

আবেদনপত্র জমা দেওয়ার পর আমাকে কী করতে হবে ?

পাঠকেন্দ্রে ও বিশ্ববিদ্যালয়-এর তরফে যাচাই হওয়ার পর আপনি ভর্তির যোগ্য হলে আপনার নির্দিষ্ট পাঠকেন্দ্রে থেকে আপনি একটি এনরোলমেন্ট-কাম-আইডেনটিটি কার্ড পাবেন যা আপনার নির্দিষ্ট কোর্সে ভর্তির প্রমাণপত্র রূপে বিবেচিত হবে।

ভর্তির পর আমার ভর্তি প্রত্যাহার করতে পারি কি না এবং ভর্তি-ফি ফেরত পাবো কি না ?

ভর্তি-ফি ফেরত অথবা অন্য কোর্সে ভর্তির সঙ্গে সমন্বিত করা হবে না (এ ব্যাপারে আরও জানতে বিশ্ববিদ্যালয়ের অ্যাডমিশন ওয়েবসাইট দেখুন)।

ভর্তির পর আমি বিষয় বদল করতে পারি কি ?

বি. ডি. পি. কোর্সে ভর্তির পর কোন অবস্থাতেই বিষয় পরিবর্তন (subject change) করা যাবে না। এই কারণে শিক্ষার্থীদের ভর্তির আগে ভালোভাবে কোর্স ও বিষয় সম্পর্কে চিন্তা করতে অনুরোধ করা হচ্ছে।

আমি একই সঙ্গে দুটি প্রোগ্রাম-এ নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারব ?

না, একজন শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয়ের একটি বি.ডি.পি. প্রোগ্রামেই ভর্তি হতে পারবেন। এই নিয়ম লঙ্ঘিত হলে সেই শিক্ষার্থীর প্রার্থীপদ (candidature) বাতিল বলে গণ্য হবে এবং কোনও ভর্তি-ফি ফেরত পাবেন না। তবে একজন বি.ডি.পি. শিক্ষার্থী একই সঙ্গে এই বিশ্ববিদ্যালয় অনুমোদিত যে কোনো একটি ডিপ্লোমা/ সার্টিফিকেট/ট্রেনিং প্রোগ্রামে ভর্তি হতে পারেন। কিন্তু, সেক্ষেত্রে ওই দুইয়ের কাউন্সেলিং এবং/অথবা পরীক্ষাসূচি এক হলে, বিশ্ববিদ্যালয়ের পক্ষে তা কোনোভাবেই পরিবর্তন করা সম্ভব নয়।

পাঠ-উপকরণ অধ্যয়নের সময় কোনো সমস্যার সম্মুখীন হলে কী করণীয় ?

শিক্ষার্থীদের দ্বারা নির্বাচিত বিশ্ববিদ্যালয়ের পাঠকেন্দ্রেগুলিতে সপ্তাহান্তে অথবা ছুটির দিনে শিক্ষার্থী এবং কাউন্সেলর-এর মুখোমুখি আলোচনার ব্যবস্থা থাকে। সেখানে শিক্ষার্থীরা তাঁদের পাঠগত বিভিন্ন সমস্যা বা জিজ্ঞাস্যগুলি সম্বন্ধে আলোচনা করে নিতে পারেন।

পি.সি.পি.-তে আমার উপস্থিতি কি আবশ্যিক ?

তাত্ত্বিকপত্রগুলির পি.সি.পি.-তে শিক্ষার্থীর উপস্থিতি আবশ্যিক নয়; যদি না আলাদা করে বিশেষিত/নির্দেশিত হয়। তৎসত্ত্বেও শিক্ষার্থীদের পি.সি.পি.-গুলিতে উপস্থিত থাকার পরামর্শ দেওয়া হচ্ছে, যাতে করে শিক্ষার্থীরা তাঁদের সহপাঠী এবং কাউন্সেলরদের সঙ্গে পাঠবিষয়ক নিজস্ব মত ও চিন্তা-ভাবনার আদান-প্রদান করতে পারেন। এই ধরনের আলোচনার মাধ্যমে পাঠ-উপকরণের দুরূহ অংশগুলি সহজেই হৃদয়ঙ্গম করা যেতে পারে।

পি.সি.পি সময়সূচি সম্পর্কে আমি কিভাবে অবগত হব ?

আপনার নির্বাচিত পাঠকেন্দ্রে আপনাকে পি.সি.পি. সময়সূচি সম্পর্কে অবহিত করবে। সাধারণত, পি.সি.পি.-গুলি সপ্তাহান্তে (শনিবার/রবিবার) অথবা ছুটির দিনে আয়োজিত হয়ে থাকে। কোর্সের অন্তরবর্তী সময়কালে পি.সি.পি সূচি সম্পর্কে অবহিত থাকতে আপনার পাঠকেন্দ্রের কোর্ডিনেটর-এর সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা প্রয়োজন।

অভ্যন্তরীণ মূল্যায়ন (অ্যাসাইনমেন্ট)-এ আমি কেন অংশগ্রহণ করব, এই প্রক্রিয়াটিতে অংশগ্রহণ করা কি আবশ্যিক ?

কোনোটি সফলভাবে সম্পন্ন করার জন্য অভ্যন্তরীণ মূল্যায়ন প্রক্রিয়াটি তাৎপর্যপূর্ণ। শিক্ষা-পদ্ধতিটিকে আরও সহজতর করার জন্য অভ্যন্তরীণ মূল্যায়ন-এর উত্তরপত্রটি দূরশিক্ষাক্রমের অধ্যাপকমণ্ডলীর মন্তব্যসহ মূল্যায়িত হয়। এর দ্বারা শিক্ষার্থী তাঁর নিজ পঠন-পাঠনের মানের ক্রমউন্নতির সম্পর্কে অবহিত হতে পারবেন। অভ্যন্তরীণ মূল্যায়ন প্রক্রিয়াটি শিক্ষার্থীদের বিষয়টিতে গঠনমূলক বিবর্ধনে সাহায্য করে।

হ্যাঁ, তাত্ত্বিকপত্রের জন্য অভ্যন্তরীণ মূল্যায়ন প্রক্রিয়াটি আবশ্যিক। বাৎসরিক পরীক্ষায় বসার জন্য নির্ধারিত সময়ের মধ্যে প্রতিটি তাত্ত্বিকপত্রের জন্য অভ্যন্তরীণ মূল্যায়নপত্রটি জমা দেওয়া আবশ্যিক। চূড়ান্ত ফলাফল প্রস্তুতির ক্ষেত্রে অভ্যন্তরীণ মূল্যায়ন-এর গুরুত্ব ৩০ শতাংশ।

কখন এবং কিভাবে অভ্যন্তরীণ মূল্যায়নপত্রটি জমা দেব ?

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ামক দপ্তর কর্তৃক নির্ধারিত সময়সূচির মধ্যে শিক্ষার্থীকে তাঁর নিজ পাঠ্যকেন্দ্রে অভ্যন্তরীণ মূল্যায়নপত্রটি জমা দিতে হবে।

কোর্সটি নির্ধারিত সময়সীমা অর্থাৎ তিন বছরের মধ্যে যদি আমি সম্পন্ন করতে না পারি তাহলে আমার অভ্যন্তরীণ মূল্যায়নপত্রটির মানের কী হবে ?

জমা হওয়া অভ্যন্তরীণ মূল্যায়নপত্রগুলির মান পঞ্জীভুক্তকরণের সময়সীমা (ছয় বৎসর) পর্যন্ত সংরক্ষিত থাকবে।

অভ্যন্তরীণ মূল্যায়নপত্র একবার মূল্যায়িত হওয়ার পর মান-বৃদ্ধির জন্য পুনরায় জমা করতে পারব কি ?

না, কোনো পরিস্থিতিতেই সেটি আপনি করতে পারবেন না।

Different Administrative and Academic Wings of NSOU

Vice-Chancellor's Secretariat

- DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700 064

Registrar's Office

- DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700 064, Phone: 033 4066 3211, Fax : 033 4062 3171

Study Centres Department

- DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700 064, Phone: 033 4066 3205

Office of the Controller of Examinations

- 2nd Floor, 134/1, Meghnad Saha Sarani, Kolkata-700 029, Phone: 033 2463 0292, Fax: 033 2465 6936

School of Sciences

- **City Campus:** 1) DD-26, Sector-I, Salt Lake City Kolkata-700 064, Phone: 033 4066 3217, 2) 1st Floor, K-2, Bidhannagar Fire Station, Sector-V, Salt Lake City, Kolkata-700 091, Phone: 033 2357 2947, 033 2357 7644
- **Academic Campus :** 1) Kalyani Regional Centre, Academic Building, Ghoshpara Station Road, Kalyani, Nadia, PIN-741 235, Phone: 033 2582 6611, 2) Durgapur Regional Centre (Adjacent to Durgapur Govt. College Campus), Jawahar Lal Nehru Road, Durgapur, Dist. : Paschim Burdwan, PIN-713 214, 3) Jalpaiguri Regional Centre (Adjacent to Jalpaiguri Engineering College Campus), Pat Kata, Dist-Jalpaiguri, PIN-735 101

School of Humanities

- **City Campus :** DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700 064, Phone: 033 4066 3214
- **Academic Campus:** 1) Kalyani Regional Centre, Academic Building, Ghoshpara Station Road, Nadia, PIN-741 235, Phone: 033 2582 0103, 2) Durgapur Regional Centre (Adjacent to Durgapur Govt. College Campus), Jawahar Lal Nehru Road, Durgapur, Dist. : Paschim Burdwan, PIN-713 214, 3) Jalpaiguri Regional Centre (Adjacent to Jalpaiguri Engineering College Campus), Pat Kata, Dist-Jalpaiguri, PIN-735 101

School of Social Sciences

- **City Campus:** DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700 064, Phone: 033 4066 3219
- **Academic Campus:** 1) Kalyani Regional Centre, Academic Building, Ghoshpara Station Road, Kalyani, Nadia, PIN-741 235, Phone: 033 2582 3336, 2) Durgapur Regional Centre (Adjacent to Durgapur Govt. College Campus), Jawahar Lal Nehru Road, Durgapur, Dist. : Paschim Burdwan, PIN-713 214, 3) Jalpaiguri Regional Centre (Adjacent to Jalpaiguri Engineering College Campus), Pat Kata, Dist-Jalpaiguri, PIN-735 101

School of Education

- **City Campus:** CF-162, Sector-I, Salt Lake City, Kolkata-700 064, Phone: 033 4004-7569 / 70 / 71
- **Academic Campus:** 1) Kalyani Regional Centre, Academic Building, Ghoshpara Station Road, Kalyani, Nadia, PIN-741 235, Phone: 033 2582 3332

School of Professional Studies

- **City Campus:** DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700 064, Phone: 033 4066 9464
- **Academic Campus:** 1) Kalyani Regional Centre, School of Professional Studies, Ghoshpara Station Road, Kalyani, Nadia, PIN-741 235, Phone: 033 2582 2529, 2) Durgapur Regional Centre (Adjacent to Durgapur Govt. College Campus), Jawahar Lal Nehru Road, Durgapur, Dist. : Paschim Burdwan, PIN-713 214, 3) Jalpaiguri Regional Centre (Adjacent to Jalpaiguri Engineering College Campus), Pat Kata, Dist-Jalpaiguri, PIN-735 101

Library

- **Regional Campus, Kalyani :** Ghoshpara Station Road, Kalyani, Nadia, PIN-741 235, Phone: 033 2582 2248



NETAJI SUBHAS OPEN UNIVERSITY

ESTABLISHED BY W.B. ACT (XIX) OF 1997, RECOGNIZED BY U.G.C.

DD-26, SECTOR-I, SALT LAKE CITY, KOLKATA-700 064

APPLICATION FOR CHANGE OF STUDY CENTRE (BDP)

To
The Registrar
Netaji Subhas Open University
DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700 064
Through :
The Co-ordinator

.....
Sub. :- Application for Change of Study Centre

Sir,
I, Shri / Smt. have been admitted at
NSOU Study Centre () in
the following course & subject etc.
My particulars are given below :

Sl. No.	Name of the Student	Enrollment No.	Subject

At present I want to change my Study Centre from to
..... because of Change of place of Service / Shifting
of Family / Marriage (please tick) in case of other reason please specify

Yours faithfully,

.....
Signature of the Student

Enclosed :

- 1) A DD of Rs. 500/- (five hundred only) bearing no..... dated
- 2) Original Enrollment Certificate-cum-Identity Card.
- 3) Copy of documents in support of the reason stated for change of centre.

Forwarded,

Co-ordinator (With Seal)

N.B. : + A fee of Rs. 500/- should be remitted by way of a Demand Draft drawn in favour of **Netaji Subhas Open University** and payable at **Kolkata** (one photocopy of Demand Draft should be attached herewith).

+ Application will be considered under circumstances like change of place of service, shifting of family and change of marital status only after admission with documentary evidence.



NETAJI SUBHAS OPEN UNIVERSITY

ESTABLISHED BY W.B. ACT (XIX) OF 1997, RECOGNIZED BY U.G.C.

DD-26, SECTOR-I, SALT LAKE CITY, KOLKATA-700 064

APPLICATION FOR CORRECTION IN ENROLLMENT CERTIFICATE-CUM-IDENTITY CARD (BDP)

To
The Registrar
Netaji Subhas Open University
DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700 064

Through :
The Co-ordinator

.....
Sub. :- Application for Correction of

Sir,
I, Shri / Smt. have been admitted at
NSOU Study Centre ().
I am submitting the form for correction of my Enrollment Certificate-cum-Identity Card as per details
given below :

Sl. No.	Enrollment No.	Correction For	Existing	Corrected	Subject Code

Yours faithfully,

Enclosed :

.....
Signature of the Student


- 1) Original Enrollment Certificate-cum-Identity Card.
- 2) Photocopy of Marksheet of Class 10 & (10+2) Examinations (one copy each).
- 3) Photocopy of Admit Card of Class 10 Examination (one copy).
- 4) A DD of Rs. 200/- (two hundred only) bearing No. dated

Forwarded,


Co-ordinator (With Seal)

N.B. : + A fee of Rs. 200/- should be remitted by way of a Demand Draft drawn in favour of **Netaji Subhas Open University** and payable at **Kolkata** (one photocopy of Demand Draft should be attached herewith).

Identity Card

<ol style="list-style-type: none">1. To be carried by the candidate whenever he/she visits any Centre/H.Q. of the University.2. In case of loss of the card a General Diary (GD) is to be lodged immediately and the respective Study Centre be informed accordingly with a copy of the GD.3. If this card is found by anybody it should be sent to the address on the right.	 <p>DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700 064</p>
---	---

Identity Card

<ol style="list-style-type: none">1. To be carried by the candidate whenever he/she visits any Centre/H.Q. of the University.2. In case of loss of the card a General Diary (GD) is to be lodged immediately and the respective Study Centre be informed accordingly with a copy of the GD.3. If this card is found by anybody it should be sent to the address on the right.	 <p>DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700 064</p>
---	---

Identity Card
(To be filled in by the candidate)

<p>Enrollment No. <input style="width: 100%; height: 15px;" type="text"/></p> <p>Name :</p> <p>.....</p> <p>Address :</p> <p>.....</p> <p>Telephone No. (If any) :</p> <p>Study Centre :</p> <p>Course :</p> <p>Signature of the Candidate :</p> <p>.....</p>	<p>Name of the Study Centre with Code :</p> <p style="text-align: center;">(To be filled up by Centre)</p> <div style="border: 1px solid black; width: 150px; height: 60px; margin: 10px auto; text-align: center; padding: 5px;"><p><i>Photograph</i> <i>(To be affixed by applicant)</i></p></div> <p style="text-align: center;">Signature of the Coordinator with seal</p>
---	--

Identity Card
(To be filled in by the candidate)

<p>Enrollment No. <input style="width: 100%; height: 15px;" type="text"/></p> <p>Name :</p> <p>.....</p> <p>Address :</p> <p>.....</p> <p>Telephone No. (If any) :</p> <p>Study Centre :</p> <p>Course :</p> <p>Signature of the Candidate :</p> <p>.....</p>	<p>Name of the Study Centre with Code :</p> <p style="text-align: center;">(To be filled up by Centre)</p> <div style="border: 1px solid black; width: 150px; height: 60px; margin: 10px auto; text-align: center; padding: 5px;"><p><i>Photograph</i> <i>(To be affixed by applicant)</i></p></div> <p style="text-align: center;">Signature of the Coordinator with seal</p>
---	--

SAVE WATER SAVE EARTH



নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক কর্তৃক ডিডি-২৬, সল্টলেক, কলকাতা-৭০০ ০৬৪
হইতে প্রকাশিত এবং ইস্ট ইন্ডিয়া ফটো কম্পোজিং সেন্টার, ৬৯, শিশির ভাদুড়ী সরণী, কলকাতা-৬ হইতে মুদ্রিত

Price Rs. 150.00